তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক আমাদের সময়

ঢাকা বিশ্ববিদ্যালয়

# খ-ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হবে আজ

নিজস্ব প্রতিবেদক ●
ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) খ-ইউনিটের ভর্তি পরীক্ষার ফল আজ সোমবার সন্ধ্যা ৬টার দিকে প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করবেন। এবার ঢাবির খ-ইউনিটের ২ হাজার ২৪১টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় ৩৪ হাজার ৬১৬ জন ভর্তিচ্ছু অংশ নিয়েছেন বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সে হিসাবে প্রতি আসনের বিপরীতে ভর্তিচ্ছু পরীক্ষার্থী সংখ্যা ১৬ জন।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর জানিয়েছে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরে ৭৩টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা হচ্ছে।